# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বিপ্র-৭ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫.১০৮ তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৯ মে ২০২৫

# বিজ্ঞপ্তি

**[বিজ্ঞান ও প্রযুক্তিতে নতুন জ্ঞান সংযোজনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান]**

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রীগণের নিকট হতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদন আহ্বান।**

২০২৫-২০১৬ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়/অনুমোদিত স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটে ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল/জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান/খাদ্য ও কৃষিবিজ্ঞান-এর আওতাভূক্ত বিষয়সমূহে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র- ছাত্রী/গবেষকগণের নিকট হতে অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/most/nst-fellowship) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালায় উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।

(২) অনলাইনে আবেদন করার পূর্বে উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (IDSDP)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে।

(৩) আবেদনে প্রদত্ত মোবাইল নাম্বার আবশ্যিকভাবে উক্ত জাতীয় পরিচয়পত্রের বিপরীতে নিবন্ধিত হতে হবে। জন্ম সনদ বা অন্য কোন ডকুমেন্ট ব্যবহারপূর্বক আবেদন গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

(৪) এ বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে আগামী ৩০ জুন ২০২৫ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।

(৫) একজন আবেদনকারী যে কোন ০১ (এক)টি গ্রুপে কেবলমাত্র ০১ (এক)টি আবেদন করতে পারবেন।

(৬) পূর্ণকালীন ছাত্রত্ব না থাকলে (এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি যে পর্যায়েরই হোক) আবেদনের যোগ্য হবেন না। খন্ডকালীন বা সান্ধ্যকালীন ছাত্রত্ব গ্রহণযোগ্য হবে না। এমএস/এমএসসি পর্যায়ে নবায়নের কোন সুযোগ নাই।

(৭) চাকরিজীবীগণ ছুটির প্রমাণক জমা প্রদান সাপেক্ষে কেবল এমফিল ও পিএইচডি পর্যায়ের ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। অফিসের অনুমতি না নিয়ে ভর্তি হয়ে থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।

(৮) 'অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান হতে শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না' মর্মে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ঘোষণাসহ নির্ধারিত ফরমেটে অঙ্গীকারনামা স্ক্যান কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত/আপলোড করতে হবে। অঙ্গীকারনামার নমুনা ওয়েবসাইটে (www.most.gov.bd) পাওয়া যাবে।

(৯) নির্ধারিত ফরমেটে ডিক্লারেশন ফরম পূরণ করে কর্তৃপক্ষের স্বাক্ষর/সীলমোহরসহ আপলোড করতে হবে।

(১০) এমএস/এমএসসি কোর্সে অধ্যয়নরতদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.৫ (স্কেল- ৫)/প্রথম বিভাগ এবং স্নাতক পর্যায়ে CGPA ন্যূনতম ৩.৪ (স্কেল-৪)/৪.২৫ (স্কেল-৫)/প্রথম শ্রেণি থাকতে হবে। আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব-৩০ বছর হতে হবে।

(১১) এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরতদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.৫ (স্কেল- ৫)/প্রথম বিভাগ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ঈএচঅ ন্যূনতম ৩.২ (স্কেল-৪)/৪.০ (স্কেল-৫)/প্রথম শ্রেণি থাকতে হবে। এমফিল পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর এবং পিএইচডি পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৪৫ বছর।

(১২) প্রাপ্ত আবেদনপত্র প্রাথমিকভাবে যাচাই-বাছাইয়ের পর তালিকা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং যথাসময়ে ওয়েবসাইটের মাধ্যমে সময়, তারিখ ও স্থান জানিয়ে মৌখিক পরীক্ষা আহবান করা হবে।

(১৩) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে দেখাতে হবে:

(ক) এমএস/এমএসসি পর্যায়ের আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাশের মূল সার্টিফিকেট।

(খ) এমফিল ও পিএইচডি পর্যায়ের আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাশের মূল সার্টিফিকেট।

(১৪) নিম্নোক্ত কাগজপত্রের এক সেট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে:

(ক) অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি।

(খ) 'অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান হতে শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না' মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ঘোষণাসহ নির্ধারিত বাক্য সম্বলিত অঙ্গীকারনামার মূলকপি জমা দিবেন।

(গ) এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ের ২০২৫-২০২৬ অর্থবছরে নতুন আবেদনকারীগণ ০৩ (তিন) পাতার গবেষণা সিনোপসিস এর ০৫ (পাঁচ) কপি জমা দিবেন। ফেলোশিপ নবায়নের আবেদনকারীগণ ০৫ (পাঁচ) পাতার মধ্যে সীমিত গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন এর ০৫ (পাঁচ) কপি জমা দিবেন।

(ঘ) এমফিল ও পিএইচডি পর্যায়ের আবেদনকারীগণ তাঁদের ভর্তির কনফার্মেশন পত্র জমা দিবেন। চাকরিজীবীগণ তাঁদের ছুটির প্রমাণক জমা দিবেন।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/ login) সাইটে পোষ্ট করা যেতে পারে অথবা সাপোর্ট নম্বরে (+৮৮০ ১৭১৩-১৫৭০১২, +৮৮০১৯২০-৮১৫৩০৪) যোগাযোগ করা যেতে পারে।

মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৩৮৩
E-mail:st7@most.gov.bd

Ten-21-20-5 (9x3)